

🔳 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৫২৪

রোগীর সাথে দেখা-সাক্ষাৎ

পরিচ্ছেদঃ ২৩৭- রোগীর সাথে সাক্ষাতকারীর কথাবার্তা।

আরবী

حَدَّقَنَا قَيْسُ بْنُ حَفْصٍ ، قَالَ : حَدَّقَنَا خَالِدُ بْنُ الْحَارِثِ ، قَالَ : حَدَّقَنَا عَبْدُ الْحَمِيدِ بْنُ جَعْفَرٍ ، قَالَ : حَدَّقَنَا عَبْدُ الْحَمِيدِ بْنُ جَعْفَرٍ ، قَالَ : أَخْبَرَنِي أَبِي ، أَنَّ أَبَا بَكْرِ بْنَ حَزْمٍ ، وَمُحَمَّدُ بْنُ الْمُنْكَدِرِ ، فِي نَاسٍ مِنْ أَهْلِ الْمَسْجِدِ ، عَادُوا عُمَرَ بْنَ الْحَكَمِ بْنِ رَافِعِ الْأَنْصَارِيَّ ، قَالُوا : يَا أَبَا حَفْصٍ ، حَدِّتْنَا ، قَالَ : سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، يَقُولُ : " مَنْ عَادَ مَرِيضًا خَاضَ فِي الرَّحْمَةِ ، حَتَّى إِذَا قَعَدَ اسْتَقَرَّ فِيهَا

বাংলা

৫২৪। আবদুল হামীদ ইবনে জাফর (রহঃ) বলেন, আমার পিতা আমাকে অবহিত করেন যে, আবু বাকর ইবনে হাযম ও মুহাম্মাদ ইবনুল মুনকাদির (রহঃ) মসজিদের কতক লোকসহ অসুস্থ উমার ইবনে হাকাম ইবনে রাফে আনসারীকে দেখতে গেলেন। তারা বলেন, হে আবু হাফস! আমাদেরকে হাদীস শুনান। তিনি বলেন, আমি জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) কে বলতে শুনেছি, আমি নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ যে ব্যক্তি রুগ্ন ব্যক্তিকে দেখতে যায়, সে রহমতের মধ্যে ডুব দেয়, এমনকি সে যখন সেখানে বসে পড়ে, তখন তো রহমতের মধ্যেই অবস্থান করে। (মুয়ান্তা মালিক, আহমাদ, হাকিম, ইবনে হিববান, বাযযার)

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন